১৫৮

দৈনিক বাংলা
দৈনিক বাংলা

তারিখ 28 MAY 1997
পৃষ্ঠা ৪ কলাম ৪

# জা'নগর ভার্সিটি
# প্রশ্নপত্র ফাঁসের তদন্ত রিপোর্ট প্রকাশে গড়িমসি

হারুন রশীদ : জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ১৯৯৬-৯৭ শিক্ষাবর্ষে প্রথমবর্ষ স্নাতক সম্মান শ্রেণীর গণিত বিষয়ে ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস সংক্রান্ত রিপোর্ট তদন্ত কমিটি প্রকাশ করতে গড়িমসি করছে। গত ২৬ মে এ রিপোর্ট প্রকাশ করার কথা থাকলেও কমিটি আজ পর্যন্ত তা প্রকাশ করেনি।

গত ১৩ মে গণিত বিষয়ে প্রশ্নপত্র ফাঁসের অভিযোগে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত পরীক্ষা বাতিল করে ২২ মে পুনরায় ঐ বিষয়ে পরীক্ষা নেয় এবং এ ঘটনার জন্য অর্থনীতি বিভাগের অধ্যাপক মোহাম্মদ মাসুমকে সভাপতি করে ৪ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করেন। এই কমিটির গত ২৬ মে তদন্ত রিপোর্ট প্রকাশ করার কথা ছিল। যথাসময়ে তদন্ত কমিটির রিপোর্ট জমা না দেয়ায় সাধারণ ছাত্র-ছাত্রীদের মধ্যে তীব্র ক্ষোভের সৃষ্টি হয়েছে। তারা অবিলম্বে তদন্ত রিপোর্ট প্রকাশ করে দোষী ব্যক্তিদের যথাযথ শাস্তিদানের দাবী করেন। বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, তদন্ত কমিটির রিপোর্ট চূড়ান্ত হয়েছে। তবে সিন্ডিকেটের বৈঠক ছাড়া তা প্রকাশ করা সম্ভব নয়।